রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, সেপ্টেম্বর ১৭, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**

**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**

**অপারেশন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ সেপ্টেম্বর ২০১৪

**নং ২৮.০১৭.০৪০.০০.০০.০৬১.২০১৩-৪৮৫**—বাংলাদেশের জলসীমায় যাতায়াতকারী দেশী/বিদেশী পতাকাবাহী জাহাজে জ্বালানি সরবরাহের জন্য বাংকারিং নীতিমালা সংক্রান্ত প্রজ্ঞাপনটি এতদসঙ্গে প্রকাশ করা হল।

## বাংলাদেশের জলসীমায় যাতায়াতকারী দেশী/বিদেশী পতাকাবাহী জাহাজে জ্বালানি সরবরাহের জন্য বাংকারিং নীতিমালা।

১। **শিরোনাম ঃ** এ নীতিমালা "বাংলাদেশের জলসীমায় যাতায়াতকারী দেশী/বিদেশী পতাকাবাহী জাহাজে জ্বালানি সরবরাহের জন্য বাংকারিং নীতিমালা" নামে অভিহিত হবে।

২। **লক্ষ্য/উদ্দেশ্য** ঃ এ নীতিমালার লক্ষ্য/উদ্দেশ্য নিম্নরূপ হবে ঃ

বাংলাদেশের জলসীমায় যাতায়াত করা দেশী/বিদেশী জাহাজে বাংকার হিসেবে জ্বালানি সরবরাহ নির্বিঘ্ন করা।



**মূল্য ঃ** টাকা ৮.০০

৩। **নিবন্ধিত বাংকার সরবরাহকারী হিসেবে তালিকাভুক্তিকরণ ঃ** দেশী/বিদেশী জাহাজে জ্বালানি/বাংকার সরবরাহ নির্বিঘ্ন করার জন্য বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) অধিনস্থ বিপণন কোম্পানীসমূহের মাধ্যমে প্রয়োজনীয় সংখ্যক বাংকার সরবরাহকারী নিবন্ধন/তালিকাভুক্ত করবে। বিপিসি তালিকাভুক্ত সরবরাহকারীর নাম ও ঠিকানা সংশ্লিষ্ট কাস্টম হাউজ কর্তৃপক্ষ এবং বাংলাদেশ ব্যাংককে সরবরাহ করবে এবং প্রতি মাস অন্তর অন্তর হালনাগাদ বাংকার সরবরাহকারীর তালিকা সংশ্লিষ্ট কাস্টম হাউস ও বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করবে।

৪। **নিবন্ধিত বাংকার সরবরাহকারীর যোগ্যতা ঃ** বাংকার সরবরাহকারী হিসেবে তালিকাভুক্তির জন্য আবেদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব মালিকানাধীন ন্যূনতম ৫০০(পাঁচশত) মেঃ টন ধারণ ক্ষমতা সম্পন্ন বার্জ/ট্যাংকার থাকতে হবে।

৫। **তালিকাভুক্তির আবেদন ঃ** তালিকাভুক্তির জন্য আগ্রহী ও যোগ্য প্রতিষ্ঠানকে বিস্ফোরক পরিদপ্তরের ছাড়পত্র, পরিবেশগত ছাড়পত্র, সমুদ্র পরিবহণ অধিদপ্তরের ফিটনেস সনদ (নিজস্ব মালিকানাধীন জাহাজের), বন্দর কর্তৃপক্ষের অনাপত্তিপত্র, ট্রেড লাইসেন্স, কর/ভ্যাট পরিশোধ সংক্রান্ত কাগজপত্রসহ বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) বরাবর আবেদন করতে হবে। সংশ্লিষ্ট বিপণন কোম্পানী প্রাপ্ত আবেদনপত্র উক্ত নীতিমালার আওতায় পরীক্ষা নিরীক্ষাপূর্বক কোম্পানী বোর্ডের মতামতসহ চূড়ান্ত অনুমোদনের জন্য বিপিসিতে প্রেরণ করবে।

৬। **জামানত ঃ** আবেদনকারী প্রতিষ্ঠানকে তালিকাভুক্তির জন্য ২০(বিশ) লক্ষ টাকা বা সমপরিমাণ বৈদেশিক মুদ্রা (US$) সুদবিহীন জামানত (ফেরতযোগ্য) হিসেবে বিপিসি'র ব্যাংক হিসাবে জমা রাখতে হবে।

৭। **বাংকার সংগ্রহ ও সরবরাহ প্রক্রিয়া ঃ** তালিকাভুক্ত প্রতিষ্ঠান তেল বিপণন কোম্পানী হতে সরকার বিপিসি'র নির্ধারিত মূল্যে বাংকার সংগ্রহ করে দেশী/বিদেশী জাহাজে সরবরাহ করবে। এক্ষেত্রে

(ক) পে অর্ডার/ডিডি'র মাধ্যমে অগ্রীম পরিশোধ সাপেক্ষ বাংকার সংগ্রহ করতে হবে ;

(খ) চট্টগ্রাম/মংলা কাস্টমস কর্তৃপক্ষের নিকট হতে প্রয়োজনীয় অংগীকারনামার আলোকে বাংকার মূল্য প্রাপ্তি সাপেক্ষ ন্যূনতম ৫০০ (পাঁচ শত) মেঃ টন (ফার্ণেস অয়েল ও ডিজেল) বাংকার গ্রহণের জন্য তাদের জাহাজ বিপণন কোম্পানীগুলোর চট্টগ্রামস্থ প্রধান স্থাপনা/খুলনাস্থ দৌলতপুর সংশ্লিষ্ট জেটিতে স্থাপনপূর্বক যথাসময়ে বাংকার সংগ্রহ করতে হবে। বাংকার মূল্য প্রাপ্তির বিষয়টি বিপিসি যথাসময়ে তদারকি করবে ;

(গ) বাংকার সরবরাহকারী প্রতিষ্ঠানকে মূল্য পরিশোধের বিপরীতে নির্দিষ্ট পরিমাণ বাংকার গ্রহণের পূর্বে ইতিপূর্বে গ্রহণকৃত বাংকারের তথ্য প্রদান করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট তেল বিপণন কোম্পানী কর্তৃক সরবরাহকৃত সকল তেল শুল্কযুক্ত হিসেবে সরবরাহ করা হবে ;

(ঘ) বাংকার সরবরাহকারীর জাহাজ ভাড়া/সার্ভিস চার্জ বিপিসি কর্তৃক নির্ধারিত হবে ;

(ঙ) উত্তোলিত বাংকার বিদেশগামী জাহাজে বৈদেশিক মুদ্রা (US$) এর বিনিময়ে কাস্টমস এর বিধি বিধান অনুসরণপূর্বক সরবরাহ করতে হবে ;

(চ) বাংকার সরবরাহকারী কর্তৃক বিদেশগামী জাহাজে বাংকার সরবরাহের বিষয়টি সংশ্লিষ্ট জাহাজের চীফ ইঞ্জিনিয়ার ও বাংকার সরবরাহকারী যুগ্মভাবে তদারকি করবেন এবং বাংকার ডেলিভারী নোটে স্বাক্ষর প্রদান করবেন ;

(ছ) বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর জাহাজে বাংকার সরবরাহের দায়িত্ব পূর্বের ন্যায় তেল বিপণন কোম্পানীগুলো পালন করবে ;

(জ) বাংকার সরবরাহকারী নৌযানসমূহের Tank calibration chart থাকতে হবে এবং পরিবেশ দূষণ রোধে ও জ্বালানী তেলের প্রকৃত পরিমাণ নির্ধারণের লক্ষ্যে ট্যাংকসমূহের নির্দিষ্ট সময় অন্তর calibration, hull plate এর UT Gauging সহ সামগ্রিক অবস্থা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক পরীক্ষা করাতে হবে ;

(ঝ) পরিবেশ দূষণ রোধ এবং জ্বালানী তেলের নিরাপদ সরবরাহ নিশ্চিতকরণার্থে প্রচলিত এতদসংশ্লিষ্ট জাতীয় ও আন্তর্জাতিক বিধানাবলী প্রযোজ্য হবে ;

(ঞ) ব্যবহারকারীর স্বার্থে এবং আন্তর্জাতিক বাধ্যবাধকতার আলোকে জ্বালানী সরবরাহের সময় সরবরাহকৃত জ্বালানীর গ্রহণযোগ্য আন্তর্জাতিক মানসম্পন্ন গুণগত এবং ব্যবহারিক বিশেষণাত্মক সনদ ইস্টার্ন রিফাইনারী লিঃ হতে সরবরাহ করতে হবে। এক্ষেত্রে প্রচলিত আন্তর্জাতিক Dripping পদ্ধতিতে নমুনা সংগ্রহ এবং গ্রহণকৃত নমুনা জ্বালানী তেল নিঃশেষ হওয়ার এক বছর পর্যন্ত গ্রহণকারীকে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে ;

(ট) জ্বালানী তেলের পরিমাণ ও গুণগত মান সম্পর্কে সরবরাহকারী এবং গ্রহণকারীর মধ্যে কোন বিরোধ সৃষ্টি হলে সংক্ষুব্দ্ধ ব্যক্তি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর note of protest দাখিল করবে।

৮। **দেশীয় জাহাজে বাংকার সরবরাহের মূল্য পরিশোধ ঃ**

(ক) জাহাজের প্রিন্সিপাল/মালিক অথবা তাঁদের মনোনীত প্রতিনিধি প্রয়োজনীয় পরিমাণ বাংকারের মূল্য বাবদ টাকার (বাংকার সরবরাহকালে বিদ্যমান টাকা/মার্কিন ডলার BC রেটে) সমপরিমাণ বৈদেশিক মুদ্রা নিয়োগকৃত বাংকার সাপ্লায়ারের ব্যাংক হিসাবে প্রেরণ করবে, যার জন্য মনোনীত প্রতিষ্ঠান বাংকার সরবরাহকালীন চট্টগ্রাম/মংলা কাস্টমস কর্তৃপক্ষের নিকট এ মর্মে একটি অংগীকারনামা দাখিল করবে যে, পরবর্তী ৩০ দিনের মধ্যে বাংকার সরবরাহের বিপরীতে আগত বৈদেশিক মুদ্রা বাংলাদেশ ব্যাংকে জমা হবে। এর প্রমাণস্বরূপ সরবরাহকারীগণ বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত একটি প্রত্যয়নপত্র ৩০ দিনের মধ্যে সংশ্লিষ্ট দপ্তরে (অর্থাৎ বিপিসি, সংশ্লিষ্ট তেল বিপণন কোম্পানী, চট্টগ্রাম/মংলা বন্দর ও কাস্টমস হাউস) দাখিল করবে। এ লক্ষ্যে বাংকার সরবরাহকারী এ মর্মে একটি অংগীকারনামা দাখিল করবে যে, জাহাজের বাংকার সরবরাহের ৩০ দিনের মধ্যে সরবরাহকারী বাংকার সরবরাহের প্রমাণস্বরূপ বিল অব এক্সপোর্ট বিপিসি ও নিকটস্থ বাংলাদেশ ব্যাংকে দাখিল করবে ;

(খ) দেশীয় পতাকাবাহী রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের (বিএসসি) জাহাজের বিদেশে গমণের ক্ষেত্রে বৈদেশিক মুদ্রার সমমান স্থানীয় মুদ্রায় কাস্টমস গ্যারান্টির মাধ্যমে বাংকার সরবরাহ করা যেতে পারে;

৯। **বাংকারের গুণগত মান ঃ** তালিকাভুক্ত সরবরাহকারীগণ তেল বিপণন কোম্পানীর চট্টগ্রামস্থ প্রধান স্থাপনা/খুলনাস্থ দৌলতপুর ডিপোর স্টোরেজ ট্যাংক থেকে বাংকার সংগ্রহকালে প্রয়োজনবোধে সরবরাহতব্য তেলের নমুনা সংগ্রহ করে গুণগতমান সম্পর্কে নিশ্চিত হয়ে তেল গ্রহণ করতে পারবে;

১০। **ত্রৈমাসিক প্রতিবেদন** ঃ তেল বিপণন কোম্পানী/বাংকার সরবরাহকারীগণ বাংকার বাবদ বিক্রিত জ্বালানি তেলের পণ্য-ওয়ারী পরিমাণ ও বিক্রয়লব্ধ অর্থ (স্থানীয় ও বৈদেশিক মুদ্রা) এর হিসাব বিবরণী ত্রৈমাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক ও বিপিসি'র নিকট প্রেরণ করবে;

১১। **আইনের প্রয়োগ ঃ** এ নীতিমালার কোন ধারা ভঙ্গ করা হলে Bangladesh Petroleum Act, 1974 (Act No. LXIX of 1974) এর ৯ ধারার আওতায় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ছাড়া এতদ্‌বিষয়ে বন্দর কর্তৃপক্ষের প্রচলিত বিধিবিধানসহ দেশের প্রচলিত সংশ্লিষ্ট অন্যান্য আইন ও বিধিবিধান প্রযোজ্য হবে।

১২। এই নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আবুবকর সিদ্দিক**
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd